

(প্রেস বিজ্ঞপ্তি)

১২ সেপ্টেম্বর ২০২২ খ্রি.

সংসদ উপনেতা সৈয়দা সাজেদা চৌধুরীর মৃত্যুতে  
চসিক মেয়র রেজাউল করিম চৌধুরীর শোক

বাংলাদেশ আওয়ামী লীগের সাবেক সাধারণ সম্পাদক মুক্তিযুদ্ধের অন্যতম সংগঠক সংসদ উপনেতা সৈয়দা সাজেদা চৌধুরীর মৃত্যুতে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী গভীর শোক প্রকাশ করেন। এক শোক বার্তায় তিনি বলেন, প্রগতিশীল রাজনীতিবিদ সমাজসেবী ও সাংগঠনিক ব্যক্তিত্ব মুক্তিযোদ্ধা সৈয়দা সাজেদা চৌধুরী ৭৫'র পরবর্তী কঠিন পরিস্থিতিতে বাংলাদেশ আওয়ামী লীগের ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদকের দায়িত্ব গ্রহণ করে দলকে সংগঠিত করেন। ১৯৮৬ সালে দল তাঁকে পূর্ণ সাধারণ সম্পাদকের দায়িত্ব দেন। পরে তিনি বাংলাদেশ আওয়ামী লীগের প্রেসিডিয়াম সদস্যও নির্বাচিত হন। তিনি দেশ ও জনগণের কল্যাণে আজীবন কাজ করে গেছেন। তাঁর মৃত্যুতে রাজনৈতিক অঙ্গণে যে শূন্যতার সৃষ্টি হয়েছে তা পূরণ হবার নয়। তিনি বলেন, এ বর্ষিয়ান রাজনীতিবিদের মৃত্যুতে দেশ ও জাতির অপূরণীয় ক্ষতি হলো। মেয়র তাঁর বিদেহী আত্মার মাগফেরাত কামনা করেন এবং শোক সন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জানান।

চসিকর ভ্রাম্যমাণ আদালত

অস্বাস্থ্যকর ও নোংরা পরিবেশে খাদ্য প্রস্তুত করায়

ঝাউতলা আবু হোটেল মালিককে ৩০ হাজার সহ ১০ ব্যক্তিকে ৫৩ হাজার টাকা জরিমানা

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ সোমবার নগরীতে মোবাইল কোর্ট পরিচালিত হয়। চসিক নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলী পরিচালিত অভিযানে নগরীর পাহাড়তলীস্থ ঝাউতলা বাজারে অস্বাস্থ্যকর ও নোংরা পরিবেশে হোটেল খাবার তৈরী ও বিক্রির দায়ে আবু হোটেল এন্ড রেস্টুরেন্টের মালিকের বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ৩০ হাজার টাকা জরিমানা আদায় করা হয়।

স্পেশাল ম্যাজিস্ট্রেট মনীষা মহাজন পরিচালিত অপর অভিযানে নগরীর মোহরা কামাল বাজার, কাজীর হাট এলাকায় আরকান রোডের উভয় পার্শ্বের রাস্তা ও ফুটপাথ দখল করে মালামাল রাখায় ৯ ব্যক্তির বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ২৩ হাজার টাকা জরিমানা আদায় করা হয়। অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী ও চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ম্যাজিস্ট্রেটগণকে সহায়তা প্রদান করেন।

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩